গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
পরিকল্পনা-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

নথি নং-১৮.০২২.১৭০.০১৪.০০১.২০১৬/১২০ তারিখঃ ১৩ জুন ২০১৯

বিষয়ঃ নৌপরিবহন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "Development of Maretime Legislation of Bangladesh" শীর্ষক প্রকল্পের ষ্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ।

গত ২৮/০৫/২০১৯ তারিখে নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধিন নৌপরিবহন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "Development of Maretime Legislation of Bangladesh" শীর্ষক প্রকল্পের ষ্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ ০১ (এক) পৃষ্ঠা।

মোঃ আরিফুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ-৯৫৪৫৪৮৫

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) ঃ

১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৩। সদস্য, কার্যক্রম বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৪। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৫। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ১৪২-১৪৩ বা/এ মতিঝিল, ঢাকা-১০০০।
৬। অতিরিক্ত সচিব (উন্নয়ন), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। প্রকল্প পরিচালক,"Development of Maretime Legislation of Bangladesh" শীর্ষক কারিগরী সহায়তা প্রকল্প, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ ঢাকা-১০০০।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি ঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, (তাঁকে সভার কার্যবিবরণীটি ওয়েবসাইটে দেওয়ার জন্য অনুরোধ করা হলো)।
৩। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহণ মন্ত্রণালয়
পরিকল্পনা-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়ঃ "Development of Maritime Legislation of Bangladesh(DOMLOB)" শীর্ষক কারিগরী সহয়তা প্রকল্পের বিষয়ে অনুষ্ঠিত ২য় স্টিয়ারিং কমিটির (PSC) সভার কার্যবিবরণী।

সভাপতিঃ মোঃ আবদুস সামাদ, সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
সময় ও তারিখঃ সকাল ১১.৩০ ঘটিকা, ২৮/০৫/২০১৯ ইং
স্থানঃ নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ।
উপস্থিতিঃ পরিশিষ্ট "ক"

০২। আলোচনাঃ

২.১ সভাপতি সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি প্রকল্পের অগ্রগতি সম্পর্কে সভাকে অবহিত করতে অনুরোধ করেন। যুগ্মপ্রধান বলেন, আলোচ্য ""Development of Maritime Legislation of Bangladesh(DOMLOB)" শীর্ষক প্রকল্পের এটি ২য় স্টিয়ারিং কমিটির সভা। প্রকল্পটি ৪১০.৫০ লক্ষ টাকা ব্যয়ে জানুয়ারি ২০১৭ -ডিসেম্বর, ২০১৮ খ্রিঃ পর্যন্ত মেয়াদে অনুমোদিত ছিল। পরবর্তীতে ০১ বছর অর্থাৎ ৩১ ডিসেম্বর, ২০১৯ খ্রিঃ পর্যন্ত মেয়াদ বৃদ্ধি করা হয়েছে। আন্তর্জাতিক কনভেনশনের বাধ্যবাধকতাপুরণ ও বাস্তবায়ন, বাংলাদেশ মার্চেন্ট শিপিং অর্ডিন্যান্স ১৯৮৩ হালনাগাদকরণ, সংশোধিত বাংলাদেশ মার্চেন্ট শিপিং অর্ডিন্যান্স ইংরেজী হতে বাংলায় অনুবাদকরণ, ইনল্যান্ড শিপিং অর্ডিন্যান্স যুগোপযোগী করা এ প্রকল্পের উদ্দেশ্য।

২.২ প্রকল্পের বর্তমান অবস্থা সম্পর্কে জানতে চাইলে প্রকল্প পরিচালক জানান, গত ২০/১২/২০১৬ তারিখে প্রশাসনিক অনুমোদনের পর পরামর্শক নিয়োগের লক্ষ্যে ২ দফা দরপত্র আহবান করা হয়। দরপত্র মূল্যায়ন শেষে ৩০/০৭/২০১৮ তারিখে Marinecare Consultant Ltd কে Notification of Award (NOA) দেয়া হয়। পরামর্শক প্রতিষ্ঠানের দেয়া কর্মপরিকল্পনা অনুযায়ী ২/১২/২০১৮ তারিখে Inception Report এবং ১৬/২/২০১৯ তারিখে Review report পাওয়া যায়। পরামর্শক প্রতিষ্ঠানের দেয়া কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম শেষ করতে জুন ২০২০ পর্যন্ত সময় প্রয়োজন। কিন্তু প্রকল্পটির বাস্তবায়ন মেয়াদ রয়েছে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত। প্রকল্পটির সুষ্ঠু বাস্তবায়নের স্বার্থে ৬ মাস অর্থাৎ জুন ২০২০ পর্যন্ত সময় বৃদ্ধি করার প্রস্তাব প্রেরণের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

০৩। সিদ্ধান্তঃ সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ক) প্রকল্পটির সুষ্ঠু বাস্তবায়নের স্বার্থে প্রকল্প ব্যয় অপরিবর্তিত রেখে ৬ মাস অর্থাৎ জুন ২০২০ পর্যন্ত প্রকল্প মেয়াদ বৃদ্ধি করা যেতে পারে। এ বিষয়ে সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

(খ) প্রকল্পটি পুনঃনির্ধারিত মেয়াদের মধ্যে আবশ্যিকভাবে শেষ করতে হবে।

০৪। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ আবদুস সামাদ)
সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়